# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়, পোস্টাল একাডেমী, রাজশাহী-৬২০৩

ওয়েবসাইট: **www.bdpost.gov.bd**

ওয়েবসাইট: **www.postalacademy.rajshahidiv.gov.bd**

স্মারক নম্বর: ১৪.৩১.৮১৯০.৭১২.১১.০০১.১৯-

| তারিখ: | ০৩ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ |
|---|---|
| | ১৮ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ |

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক অধিদপ্তরের অধীনস্থ অধ্যক্ষের কার্যালয়, পোস্টাল একাডেমি, রাজশাহীতে 'বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' অনুসরণে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা: বে: স্কে: ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | বয়স (২৫-০৩-২০২০ খ্রি: পর্যন্ত) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) গ্রেড - ১৪ (স্কেলঃ ১০২০০-২৪৬৮০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেনী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলাতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ থাকতে হবে এবং কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজি ও বাংলাতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। | **(ক) জেলা কোটা:** রাজশাহী ও সিরাজগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা। |
| ০২ | রিসিপশনিস্ট গ্রেড - ১৪ (স্কেলঃ ১০২০০-২৪৬৮০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের ডিগ্রী; এবং (খ) বাংলা ও ইংরেজীতে কথোপকথনে দক্ষতাসহ আধুনিক অভ্যর্থনা কাজে পারদর্শী হতে হবে। | **(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী:** সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী অধিবাসীগণ আবেদন করতে পারবেন। |
| ০৩ | স্টোর কিপার গ্রেড - ১৪ (স্কেলঃ ১০২০০-২৪৬৮০) | ০১ | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪ | ড্রাইভার (ভারী) গ্রেড - ১৫ (স্কেলঃ ৯৭০০-২৩৪৯০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ী চালনায় ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৫ | তদন্ত সহকারী গ্রেড - ১৮ (স্কেলঃ ৮৮০০-২১৩১০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাংলা ও ইংরেজী কথোপকথনে দক্ষতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | **(ক) জেলা কোটা:** রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা |
| ০৬ | অফিস সহায়ক গ্রেড - ২০ (স্কেলঃ ৮২৫০-২০০১০) | ০১ | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৭ | হোস্টেল এ্যাটেনডেন্ট গ্রেড - ২০ (স্কেলঃ ৮২৫০-২০০১০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | **(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী:** সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী অধিবাসীগণ আবেদন করতে পারবেন। |
| ০৮ | বাবুর্চি গ্রেড - ২০ (স্কেলঃ ৮২৫০-২০০১০) | ০১ | ১৮-৩০ বছর | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |

০২। ০১ হতে ০৫ নং ক্রমিকে বর্ণিত পদসমূহে নিয়োগ লাভের জন্য যোগ্য প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার স্থান, বিষয় ও সময়সূচি পরবর্তীতে www.bdpost.gov.bd এবং www.postalacademy.rajshahidiv.gov.bd এই ওয়েব সাইট/জাতীয় দৈনিক পত্রিকা/এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০৩। **শর্তাবলী:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার নথি নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ তারিখ ১৯/০৮/২০২১ খ্রি: মোতাবেক প্রার্থীর বয়স গত **২৫/০৩/২০২০ খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর হতে হবে**। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। কিন্তু মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনিদের) বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

০৪। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://paraj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. online-এ আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/১০/২০২১ খ্রি. সকাল-১০:০০ টা।

২. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭/১০/২০২১ খ্রি. রাত ১১:৫৯ টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit এর সময় হতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট এবং স্বাক্ষরের ফাইল সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

(গ) online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক ডকুমেন্ট হিসাবে আবশ্যিকভাবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।
নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থীগণ নিজ ছবি, স্বাক্ষর এবং User ID যুক্ত একটি Applicant's কপি প্রাপ্ত হবেন। এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS প্রেরণ করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৪ নং ক্রমিকের পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৫ হতে ০৮ ক্রমিকের পদসমূহের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online-এ Submit করা আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

**প্রথম SMS:**

PARAJ<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: PARAJ ABCDEF
Reply: Applicant's Name, Tk.112/Tk56 Will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX.
To pay fee Type PARAJ<space> yes<space>PIN লিখে Send করতে হবে16222 তে।

**দ্বিতীয় SMS:**

PARAJ <space> yes<space>PINলিখে 16222 নম্বরে Send করতে হবে ।
Example: PARAJ yes XXXXXXXXXX
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for PARAJ Application for post XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (X X X X X X X X X X).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://paraj.teletalk.com.bd , ডাক অধিদপ্তরের ওয়েবসাইট: www.bdpost.gov.bd , পোস্টাল একাডেমির ওয়েবসাইট www.postalacademy.rajshahidiv.gov.bd -এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

1. User ID জানা থাকলে PARAJ<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PARAJ Help User ABCDEF
2. PIN Number জানা থাকলে PARAJ<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PARAJ Help PIN 12345678

০৫। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত আছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

০৬। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৭। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

০৮। কেবলমাত্র সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অনলাইন আবেদন পত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে এবং অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তি ছাড়পত্র গ্রহণপূর্বক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে, যার মূলকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১০। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এবং ড্রাইভার (ভারী) পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

১১। অসম্পূর্ণ/ভুল তথ্যসম্বলিত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা যেকোন পর্যায়ে বাতিল করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ;

(ঘ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে চাকুরীপ্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত);

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরীপ্রার্থীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র দিতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষীয় প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দিতে হবে;

(চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র;

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট প্রদত্ত সনদপত্র;

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ;

(ঝ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(ঞ) ক্রমিক ০৫ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এবং অভিজ্ঞতার প্রমাণক;

(ট) সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (স্টেনোগ্রাফার) এবং সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) পদের জন্য কারিগরি যোগ্যতার সনদপত্র।

১৩। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ডাক অধিদপ্তরের ওয়েব সাইটে (www.bdpost.gov.bd) এবং পোস্টাল একাডেমি'র ওয়েবসাইটে (www.postalacademy.rajshahidiv.gov.bd) পাওয়া যাবে।

১৪। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৮। নিয়োগের ক্ষেত্রে যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৯। চাকুরি প্রাপ্তির আশ্বাসে প্রলোভিত হয়ে কোন ব্যক্তি/দালাল/প্রতারক চক্রের সাথে আর্থিক লেনদেন করা হতে বিরত থাকুন।

২০। অনলাইনে আবেদন সম্পন্ন করতে কোনরূপ সমস্যা হলে নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার সেন্টারে যোগাযোগ অথবা যেকোন টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ ফোন অথবা vas.query@teletalk.com.bd এ ই-মেইল করা যেতে পারে।

২১। উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোহাম্মদ মনিরুজ্জামান)
প্রশিক্ষক (প্রশাসন)
এবং
সদস্য-সচিব
নিয়োগ/বাছাই কমিটি
পোস্টাল একাডেমী, রাজশাহী-৬২০৩।